

মিডিয়া বিজ্ঞপ্তি

সামিট করপোরেশনের ব্যবস্থাপনা পরিচালক হলেন ফয়সাল খান



ফটো ক্যাপশন: সামিটের বিদ্যুৎ উৎপাদনকারী ও জ্বালানি-সংক্রান্ত প্রতিষ্ঠানগুলোর হোল্ডিং কোম্পানি সামিট করপোরেশন লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) হিসেবে যোগ দিয়েছেন ফয়সাল খান।

(ঢাকা, ২ মে ২০২৪, বৃহস্পতিবার): বাংলাদেশের সর্ববৃহৎ স্বতন্ত্র বিদ্যুৎ উৎপাদনকারী প্রতিষ্ঠান, এলএনজি অবকাঠামো ও জ্বালানি ট্রেডিং কোম্পানি সামিট করপোরেশন লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) হিসেবে যোগ দিয়েছেন ফয়সাল খান (১ মে, ২০২৪ থেকে কার্যকর)। আজ বৃহস্পতিবার সামিট গ্রুপ এই ঘোষণা দিয়েছে।

সামিট গ্রুপের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ও ফয়সাল খানের চাচা মুহাম্মদ আজিজ খান বলেন, “ফয়সাল খান সামিট করপোরেশন লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালকের দায়িত্ব গ্রহণ করেছেন। আমি অনেক খুশি যে আমাদের ছেলে-মেয়েরা ভালো ও সৎ মানুষ এবং চমৎকার ব্যবস্থাপক হিসেবে বেড়ে উঠেছে। কর্মক্ষেত্রে ফয়সাল আমার সঙ্গে ১৭ বছর ধরে আছে এবং এর আগে সে অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালকের দায়িত্ব পালন করেছেন। আর তাই এই পদের চ্যালেঞ্জ সম্পর্কে সে অবহিত। আমি নিশ্চিত তাঁর হাত ধরে সামিট আরও অনেক সামিটে (চূড়ায়) পৌঁছাবে।”

সামিট করপোরেশনের নবনিযুক্ত এমডি ফয়সাল খান বলেন, “আমি নিজেকে অত্যন্ত ভাগ্যবান মনে করি, কারণ আমি আমার চাচা ও সামিটের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খানের কাছ থেকে দিকনির্দেশনা পেয়েছি। তাঁর (আজিজ খান) পরামর্শ, জ্ঞান আর নিঃশর্ত সমর্থন আমার পেশাগত জীবনে ভূমিকা রেখেছে এবং আমার ব্যক্তিগত জীবনকেও প্রভাবিত করেছে। সামিটের পরিচালনা পর্ষদ, বিনিয়োগকারী, সরকার ও সব সহকর্মীদের সঙ্গে নিয়ে আমি বাংলাদেশের বিদ্যুৎ ও জ্বালানি খাতের উন্নয়ন ও সমস্যা সমাধানের জন্য কাজ করতে চাই। বাংলাদেশের সামগ্রিক উন্নয়নে আরও কার্যকরী এবং টেকসই অবদান রাখাই আমাদের লক্ষ্য।”

ফয়সাল খান সামিট কমিউনিকেশনস লিমিটেড ও সামিট টাওয়ার্স লিমিটেডের চেয়ারম্যান ফরিদ খানের বড় ছেলে। তিনি ২০১৭ সাল থেকে সামিট করপোরেশনের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক পদে ছিলেন। ফয়সাল খান যুক্তরাজ্যের ইউনিভার্সিটি কলেজ অব লন্ডন (ইউসিএল) থেকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক এবং লন্ডন বিজনেস স্কুল (এলবিএস) থেকে এমবিএ সম্পন্ন করেছেন। তিনি ২০০৭ সালে সামিট গ্রুপে যোগদান করেন।

গত এক দশকে ফয়সাল খান সামিটের ২,০০০ মেগাওয়াট বিদ্যুৎকেন্দ্র, এলএনজি ও এফএসআরইউ প্রকল্পের উন্নয়নে কাজ করেছেন। তিনি সিঙ্গাপুরের সামিট পাওয়ার ইন্টারন্যাশনালের (এসপিআই) পরিচালক এবং সামিট গ্রুপের অধীনে থাকা সকল কোম্পানির পরিচালকের দায়িত্বে আছেন। বর্তমানে ফয়সাল খান বাংলাদেশ ইন্ডিপেনডেন্ট পাওয়ার প্রোডিউসার্স অ্যাসোসিয়েশনের (বিপ্লা) সভাপতির দায়িত্বে আছেন। এ ছাড়া তিনি বাংলাদেশ এনার্জি সোসাইটির প্রতিষ্ঠাতা সদস্য।

এর আগে ফয়সাল খান বেসরকারি খাতে বিদ্যুৎ উন্নয়ন পরিকল্পনা বিষয়ক জাতীয় স্থায়ী কমিটির চেয়ারম্যানের দায়িত্ব পালন করেন। তিনি ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজের (ডিসিসিআই) এনার্জি এবং পাওয়ার সেক্টরের যুগ্ম-আইসিআইএসএসের দায়িত্ব পালন করেন। এ ছাড়া তিনি বাংলাদেশ-চীন চেম্বার অব কমার্সের নির্বাচিত পরিচালক এবং বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব পাবলিকলি লিস্টেড কোম্পানির (বিএপিএলসি) নির্বাহী কমিটির সদস্য ছিলেন।

সামিট গ্রুপ বাংলাদেশের বৃহত্তম অবকাঠামো উন্নয়নকারী প্রতিষ্ঠান, যার অধীনে বিদ্যুৎ উৎপাদন, জ্বালানি, টেলিকমিউনিকেশনস, বন্দর ও আবাসন খাতের ব্যবসা আছে। সামিট করপোরেশন লিমিটেড, সামিটের বিদ্যুৎ উৎপাদনকারী ও জ্বালানি-সংক্রান্ত প্রতিষ্ঠানগুলোর হোল্ডিং কোম্পানি। সামিট গ্রুপ উৎকর্ষ ও উদ্ভাবনের মাধ্যমে দেশের সামগ্রিক অবকাঠামো উন্নয়ন ও অগ্রগতিতে অবদান রাখতে প্রতিশ্রুতিবদ্ধ।